

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭  
www.bpsc.gov.bd

### বিজ্ঞপ্তি

নং- ৮০.১০২.০১১.০০.০০.০১৪.২০১৫(অংশ) - ৭৭

তারিখ: ০১ চৈত্র ১৪২৪  
১৫ মার্চ ২০১৮

বিষয় : তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির(গ্রেড-১০) উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ যন্ত্রবিদ)-এর শূন্য ০২(দুই)টি পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির(১০ম গ্রেডভুক্ত) উপ-সহকারী প্রকৌশলী(শীতাতপ যন্ত্রবিদ) পদে ২০০ নম্বরের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে নির্ধারিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে :

#### পরীক্ষার কেন্দ্র ও সময়সূচী

উপ-সহকারী প্রকৌশলী(শীতাতপ যন্ত্রবিদ) (বিজ্ঞপ্তি নং- ২১, তারিখ-২০.০২.২০১৭)

পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষা কেন্দ্রের নাম	পদের নাম	প্রার্থী সংখ্যা
২৯.০৩.২০১৮ তারিখ, রোজ: বৃহস্পতিবার বেলা ১.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত	শেরে বাংলানগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকা	উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ যন্ত্রবিদ)	৪৮৮ জন

২. কমিশন কর্তৃক ২০.০২.২০১৭ তারিখে অনলাইনে জারিকৃত বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী আলোচ্য পদের জন্য রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। অন্যথায় লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে না। এখানে উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

৩. লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি কমিশনের [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]  
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

[ শেখ শাখাওয়াৎ হোসেন ]  
পরীক্ষা নিয়ন্ত্রক [ নন-ক্যাডার ]  
[ অতিরিক্ত সচিব ]


কমিশনের পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী

নং-৮০.১০২.০১১.০০.০০.০১৪.২০১৫(অংশ) - ৭৮

তারিখঃ ০১ চৈত্র ১৪২৪  
১৫ মার্চ ২০১৮

বিষয় : আগামী ২৯.০৩.২০১৮ তারিখ অনুষ্ঠিতব্য তথ্য মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশনের ২য় শ্রেণির(১০ম গ্রেডভুক্ত) উপ-সহকারী প্রকৌশলী(শীতাতপ যন্ত্রবিদ) পদে লিখিত পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীর জন্য নির্দেশাবলী।

১. প্রার্থীকে উল্লিখিত পদের জন্য বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়-৬০ সর্বমোট ২০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।
২. পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ১ ঘণ্টার মধ্যে কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।
৩. বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থীকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থী কর্তৃক বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও প্রাসঙ্গিক টেকনিক্যাল বিষয়াদির জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
৪. লিখিত পরীক্ষায় ব্যবহৃত উত্তরপত্রের লিথোকোডের ১ম অংশ প্রার্থী কর্তৃক পূরণীয়। উত্তরপত্রের লিথোকোডের ১ম অংশ ব্যতিত অন্যান্য অংশ( ২য় ও ৩য় অংশ) প্রার্থী কর্তৃক পূরণ করা হলে উত্তরপত্র বাতিল করা হবে।
৫. প্রার্থীকে কলম বা বল পয়েন্ট কলম সাথে আনতে হবে। পরীক্ষা কক্ষে ব্যাগ, হাত ঘড়ি, বইপত্র, মোবাইল ফোন আনা এবং কোন প্রকার যোগাযোগ যন্ত্র বহন করা সম্পূর্ণ নিষিদ্ধ এবং পরীক্ষার হলে সাইনট্রিফিক ক্যালকুলেটর বা এ জাতীয় কোন যন্ত্র ব্যবহার করা যাবে না। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়।
৬. পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার অসাধু পস্থা অবলম্বন এবং অশোভন আচরণের অভিযোগে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে যে কোন প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা কমিশন সংরক্ষণ করে। পরীক্ষা শেষ হওয়ার পর পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ না করা পর্যন্ত পরীক্ষার্থী নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ বিষয়ভিত্তিক উত্তরপত্র গণনা করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থী কক্ষ ত্যাগ করবেন।
৭. উপ-সহকারী প্রকৌশলী (শীতাতপ যন্ত্রবিদ) পদে শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন।
৮. কমিশন কর্তৃক ২০.০২.২০১৭ তারিখে অনলাইনে জারিকৃত বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী উক্ত পদের জন্য রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট [www.bpsc.gov.bd](http://www.bpsc.gov.bd) থেকে ডাউনলোড করে লিখিত পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। অন্যথায় লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে না। এখানে উল্লেখ্য, সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

  
[ ড. নাহিমা আক্তার ]  
পরিচালক [ইউনিট-২]

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করুন]  
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]